



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/বি:পরী:/কো:রে/৬১/০৯/৫৭৩

তারিখঃ ০৮/০৩/২০১৮ খ্রি:।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বিশেষ পরীক্ষার সংশোধিত বিজ্ঞপ্তি

০৮/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত সকল অনুষদের ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক ও উপদেষ্টাবৃন্দের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে বি.এসসি ইঞ্জিনিয়ারিং/বি.আর্ক প্রোগ্রামের সকল বিভাগের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সমাপনী বর্ষের সমাপনী সেমিস্টারের (৪/২ ও ৫/২) পরীক্ষায় অবতীর্ণ শিক্ষার্থীদের যত সংখ্যক F Grade থাকুক না কেন, তাহারা সর্বোচ্চ ০৩ (তিন)টি তত্ত্বীয় (Theory) বিষয়ে বিশেষ পরীক্ষায় (Special Examination) অংশগ্রহণ করিতে পারিবে।

যাহারা বিশেষ পরীক্ষায় (Special Examination) অংশগ্রহণ করিতে ইচ্ছুক তাহাদেরকে আগামী ০১/০৩/২০১৮ তারিখ হইতে ১৫/০৩/২০১৮ তারিখ পর্যন্ত কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্য সম্পাদন করিতে হইবে। এই ধরনের বিশেষ পরীক্ষায় সর্বোচ্চ B গ্রেড প্রদান করা হইবে।

২। প্রতি কোর্সের রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা কম্পট্রোলার অফিসের ক্লিয়ারেন্সসহ অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুরে জমা প্রদান করিতে হইবে। কোর্স রেজিস্ট্রেশনের অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকিবে।

৩। বিশেষ পরীক্ষা আগামী ০৩/০৪/২০১৮ তারিখ মঙ্গলবার, ১০/০৪/২০১৮ তারিখ মঙ্গলবার ও ১৭/০৪/২০১৮ তারিখ মঙ্গলবার ০৩ (তিন) দিন অনুষ্ঠিত হইবে।

বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/বি:পরী:/কো:রে/৬১/০৯/৪৯৫; তারিখঃ ২৮/০২/২০১৮ খ্রি: এর মাধ্যমে জারীকৃত বিশেষ পরীক্ষার বিজ্ঞপ্তি সংশোধনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখঃ ০৮/০৩/২০১৮ খ্রি:।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/বি:পরী:/কো:রে/৬১/০৯/৫৭৩

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে)-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সকল- ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক।
- ৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৫। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)।
- ৬। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা।
- ৭। ম্যানেজার, অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর।
(টাকা জমা প্রদানের ডিপোজিট স্লিপ প্রতিদিন কম্পট্রোলার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হইল);
- ৮। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
- ৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা।